# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**জুলাই, ২০২১ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ মো: গোলাম রব্বানী সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম ।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ ।
তারিখ ঃ ১৪ জুলাই ২০২১।
সময় ঃ সকাল ১১:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো ।

সভাপতি মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয় ।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান ও সকল সদস্য এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী** আলোচনা :

উপজেলা প্রকৌশল বিভাগ:

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা এর স্মারক নং-উপ-২/এম-০২/২০১০/১২৫২ তারিখ-২৮/০৪/২০১০খ্রিঃ মূলে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকার "খ" অনুচ্ছেদ অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচির মাধ্যমে থোক বরাদ্দ (সরকারি মঞ্জুরী) ও নিজস্ব রাজস্ব উদ্বৃত্ত এবং অন্যান্য উৎস হতে প্রাপ্ত অনুদান উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অন্তর্ভুক্ত করা যাবে। সে মোতাবেক ২০২০-২০২১ অর্থ বছর শেষে উপজেলা রাজস্ব তহবিলে টাকা=৬৭,৩১,৩১৩/-মাত্র উদ্বৃত্ত থাকায় উক্ত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে অন্তর্ভুক্ত করা যাবে। এমতাবস্থায়, উক্ত উদ্বৃত্ত অর্থের মধ্যে নিম্নবর্নিত স্কীম সমূহের কাজ বাস্তবায়ন করা যেতে পারে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হলো।

১। উপ-সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা এর স্মারক নং- ৪৬.০২.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২(অংশ-১)-৯১৯ তারিখ-১৭/১১/২০২০খ্রিঃ মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োগকৃত আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ করার নির্দেশ দেয়া হয়েছে। এই প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন(নিকটবর্তী)/উপজেলা পরিষদ চত্বরে সুবিধাজনক স্থানে টাকা =১৫,০০,০০০/- মাত্র মধ্যে ভবন নির্মাণ করা যেতে পারে। ভবন নির্মাণ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল থেকে নির্বাহ করতে হবে। কিন্তু উপজেলার রাজস্ব তহবিলের ঘাটতি থাকলে স্থানীয় সরকার বিভাগে চাহিদা প্রেরণ করতে হবে। সভায় তিনি জানান যে, টাকা=১৫,০০,০০০/-মাত্র হতে টাকা= ৫,০০,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যেতে পারে। অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে প্রাপ্তি স্বাপেক্ষে ভবন নির্মাণ করা যেতে পারে। এ বিষয়ে সভায় আলোচনা অনুষ্ঠিত হলো। আলোচনান্তে অবশিষ্ট টাকা=১০,০০,০০০/- মাত্র মন্ত্রণালয় হতে প্রাপ্তির ব্যাপারে যোগাযোগ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে সভায় অনুরোধ জানানো হলো।

২। বর্ষা মৌসুমে নাওডাংগা পুলের পাড়ের জমানো পানি জরুরী ভাবে নিস্কাশনকরণ প্রকল্পটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে ১,৫০,০০০/-টাকার মধ্যে বাস্তবায়ন করার জন্য সভায় সভাপতি প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় আলোচনান্তে নিম্ন বর্ণিত কমিটির মাধ্যমে জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হলো।

| ক্রঃ নং | প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যগণের নাম | পেশা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোছাঃ সুফিয়া বেগম | সদস্য, ফুলবাড়ী ইউপি | সভাপতি |
| ০২ | মোঃ ফজলুল হক | গন্যমান্য | সদস্য সচিব |
| ০৩ | মোঃ আব্দুল মালেক | গন্যমান্য | সদস্য |
| ০৪ | মোঃ আব্দুল মতিন | ঈমাম | সদস্য |
| ০৫ | মোঃ শাহআলম | মুক্তিযোদ্ধা | সদস্য |
| ০৬ | মোঃ সোবেদার আলী | শিক্ষক | সদস্য |
| ০৭ | মোছাঃ হামিনুর বেগম | সমাজকর্মী | সদস্য |

৩। সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তার অফিসটি জরুরী ভাবে মেরামত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়েছে। কিন্তু কিছুদিন অতিবাহিত হলেও অফিসটি মেরামত না হওয়ায় সরকারি নথিপত্র সংরক্ষণ করা যাচ্ছে না। এ বিষয়ে সভায় আলোচনা অনুষ্ঠিত হলো। আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- টাকার মধ্যে নিম্ন বর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হলো।

| ক্রঃ নং | প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যগণের নাম | পেশা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মোঃ অজির উদ্দিন | সদস্য, বড়ভিটা ইউপি | সভাপতি |
| ০২ | মোঃ এমদাদুল হক মিলন | গন্যমান্য | সদস্য - সচিব |
| ০৩ | মোঃ জাহাংগীর আলম | সমাজ সেবক | সদস্য |
| ০৪ | মোঃ আব্দুল বাতেন | ঈমাম | সদস্য |
| ০৫ | মোঃ মজিবর রহমান | মুক্তিযোদ্ধা | সদস্য |
| ০৬ | মোঃ মমিনুল ইসলাম | সমাজ সেবক | গদস্য |
| ০৭ | মোছাঃ হামিনুর বেগম | সমাজকর্মী | সদস্য |

৪। সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, শিমুলবাড়ী ইউপি'র মন্টু মেম্বারের বাড়ির সামনে রাস্তা গত এডিপি হতে সিসি ও প্যালাসাইডিং করা হয়েছে। কিন্তু সামান্য কিছু প্যালাসাইডিং বাকী রয়েছে। যা বাস্তবায়ন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা অনুষ্ঠিত হলো। আলোচনান্তে উপজেলা উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/- টাকার মধ্যে নিম্ন বর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হলো।

| ক্রঃ নং | প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যগণের নাম | পেশা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | শ্রী বিমল চন্দ্র সেন | সদস্য, ফুলবাড়ী ইউপি | সভাপতি |
| ০২ | মোঃ রেজাউল ইসলাম | গন্যমান্য | সদস্য সচিব |
| ০৩ | মোঃ হাশেম আলী | গন্যমান্য | সদস্য |
| ০৪ | মোঃ আঃ বাতেন | ঈমাম | সদস্য |
| ০৫ | মোঃ আইয়ুব আলী | মুক্তিযোদ্ধা | সদস্য |
| ০৬ | মোঃ জয়নাল আবেদীন | শিক্ষক | সদস্য |
| ০৭ | মোঃ মমিনুল ইসলাম | সমাজকর্মী | সদস্য |

৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও রংকরণ করা প্রয়োজন। উক্ত প্রকল্পটি নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা দ্বারা বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যগণের নাম | পেশা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোছা: আফরোজা খাতুন রিফা | সদস্য, ফুলবাড়ী ইউপি | সভাপতি |
| ০২ | মোঃ হাশেম আলী | গন্যমান্য | সদস্য সচিব |
| ০৩ | মো: মাহাবুল হক খন্দকার | গন্যমান্য | সদস্য |
| ০৪ | মোঃ আঃ বাতেন | ঈমাম | সদস্য |
| ০৫ | বীর মুক্তিযোদ্ধা মোঃ মজিবর রহমান | মুক্তিযোদ্ধা | সদস্য |
| ০৬ | মোঃ মিজানুর রহমান | শিক্ষক | সদস্য |
| ০৭ | মোঃ মমিনুল ইসলাম | সমাজকর্মী | সদস্য |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান করোনাকালীন সময়েও তাঁর দপ্তরের সকলেই স্বাস্থ্যবিধি মেনে দায়িত্ব পালন করে আসছেন।<br>১) তিনি জানান আমন আবাদ ১০,৭০০ হে: লক্ষ্যমাত্রার প্রেক্ষিতে প্রায় ৭১০ হে: বীজতলা স্থাপন হয়েছে এবং আরো প্রায় ৬৫-৭০ হে: জমিতে বীজতলা স্থাপন হবে। এতে কোন অসুবিধায় পড়েনি কৃষকগণ। খরার কারণে প্রয়োজনে সেচ নির্ভর চারা রোপন কাজ চালিয়ে যেতে হবে।<br>২) মাঠে দন্ডায়মান পাট, সবজি, মসলা জাতীয় ফসল ভাল আছে।<br>৩) তিনি জানান এ বছর ফলের ও অন্যান্য বৃক্ষের চারা রোপন গতি অন্যান্য বছরের থেকে ২৫% বেশি পরিলক্ষিত হচ্ছে।<br>৪) সকল পর্যায়ের সুধীজন, কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানানো হয় যে, কৃষক যেন একটুকরা জমিও ফেলে না রাখে সেজন্য মানসিক সাহস যোগাতে অনুরোধ করা হয়।<br>৫) আমন প্রনোদনা কর্মসূচি/২০২০-২০২১ এর আওতায় ৯০০ জন কৃষককে বীজ ও সার সঠিকভাবে বিতরণ সম্পন্ন হয়েছে। এ জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগ কর্তৃক বাস্তবায়িত জুন ২০২১ মাসের কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক ১) গবাদি পশুর কৃত্রিম প্রজনন করা হয়েছে ৩০০টি। ২) শংকর জাতের বাছুর উৎপাদন করা হয়েছে ১১০টি ৩) গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে ৮৫৩টি ৪) হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে-৩৯৯৫টি ৫) গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে ২৭৩৬০ মাত্রা এবং ৬) হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে ৩৯৯৫ মাত্রা। তিনি আরো জানান আসন্ন কোরবানি উপলক্ষে পশু ক্রয় ও বিক্রয়ের জন্য অনলাইন কোরবানির পশুরহাট, ফুলবাড়ী, কুড়িগ্রামে খোলা হয়েছে। সবাইকে এই অনলাইন হাটে যুক্ত হয়ে পশু ক্রয় করা যাবে। তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম এর দৃষ্টি আকর্ষণ পূর্বক সামাজিক দূরত্ব ও স্বাস্থ্য বিধি মেনে কোরবানি পশুরহাট বসানো যেতে পারে মর্মে জানান। | বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কোরবানীর পশুর হাটে রোগা ও অসুস্থ পশু যাতে ক্রয়-বিক্রয় না হয় সে জন্য সংশ্লিষ্ট হাটে মেডিক্যাল টীম প্রেরণ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা | অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনা ভাইরাসের প্রকোপ যাতে বাড়তে না পারে সে বিষয়ে পুলিশি প্রচেষ্টা অব্যাহত রয়েছে। লকডাউন চলাকালীন চেক পোস্টের কার্যক্রম জোরদার করা হয়েছে। তিনি মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে অভিযান পরিচালনাকালে জনসাধারণকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | করোনা পরিস্থিতি মোকাবেলা করতে হবে। মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা। |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে,<br>১) সংসদ বাংলাদেশ টেলিভিশন এ প্রাথমিক শিক্ষার পাঠ সম্প্রচার কার্যক্রম "ঘরে বসে শিখি" এর রুটিন বিদ্যালয় পর্যায় প্রদান ও অবহিত করা হয়েছে;<br>২) গুগল মিটের মাধ্যমে পাঠদান অব্যাহত রয়েছে।।<br>৩) প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তির কার্যক্রম জানুয়ারি-জুন/২০২১ পর্যন্ত চূড়ান্ত হয়েছে।<br>৪) ই-প্রাইমারি স্কুল সিস্টেম থেকে সকল শিক্ষকগণের পরিচয়পত্রের কার্ড প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>৫) জুন/২০২১ মাসের মাসিক বেতন বিল ও ঈদ উৎসব ভাতা ইএফটি এর মাধ্যমে উপজেলা হিসাব রক্ষণ অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রামের অনুকূলে দাখিল করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে । তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে।<br>(ক) জুন, ২০২১ পর্যন্ত আত্মকর্মসংস্থান রাজস্ব খাতে ৭৮৫ জনকে ১৪৫২৪০০০/- টাকা বিতরণ করা হয়েছে।<br>(খ) জুন, ২০২১ মাস পর্যন্ত পরিবার ভিত্তিক খাতে ১৭৫৬৫৯০০০/- টাকা বিতরণ করা হয়েছে।<br>(গ) জুন, ২০২১ পর্যন্ত উত্তরবঙ্গ প্রকল্পে ৩২৯ জনকে ১০৩৫৫০০০/- টাকা বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার সন্তোষজনক।<br>তিনি সভার দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, তার অফিসের বৈদ্যুতিক ওয়ারিং মারাত্মক ঝুঁকিপূর্ণ এবং অফিস ঘরের চালের ছাউনির টিন নষ্ট হওয়ার কারণে সামান্য বৃষ্টির পানিতে অফিসের জরুরী ফাইলপত্র ভিজে নষ্ট হয়ে যাচ্ছে। অফিস ঘরের ছাউনি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।<br>অফিস ঘরের ছাউনি/মেরামত করতে কি পরিমাণ অর্থ ব্যয় হবে সে বিষয়ে পরবর্তী সভায় প্রাক্কলন দাখিল করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী। |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান কভিড-১৯ উপলক্ষে মৎস্য বিভাগে মাছের ঘাটতি যাতে না পড়ে সে বিষয়ে সার্বিক নজরদারী অব্যাহত রয়েছে। জাতীয় মৎস্য সপ্তাহ/২০২১, ১২ জুলাই হতে ১৮ জুলাই নির্ধারিত ছিল তা আপাতত: স্থগিত করা হয়েছে। | মৎস্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ মৎস্যচাষের উপর মৎস্যজীবী ও জনসাধারণের প্রশিক্ষণ বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ফুলবাড়ী। |

| | | | |
|---|---|---|---|
| ান বিভাগ (পিআইও) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কার্যাক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ২০২০-২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় উন্নয়ন খাতে ১ম পর্যায়ের নগদ ৩৭,১৬,১১৭.৮২ টাকা বিপরীতে ০৯ টি, ২য় পর্যায়ের নগদ ২৭,২৯,৮১৫.০৮ টাকা বিপরীতে ১০ টি, ৩য় পর্যায়ের নগদ ৫৫,৭৪,১৭৬.৭৩ টাকা বিপরীতে ২০ টি প্রকল্পের কাজ কাজ সমাপ্ত হয়েছে এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় উন্নয়ন খাতে ১ম পর্যায়ের নগদ ২৪,১৪,২৬০.৩৭ টাকার বিপরীতে ২১ টি, ২য় পর্যায়ের নগদ ২৪,১৪,২৬০.৩৭ টাকার বিপরীতে ২৮ টি, ৩য় পর্যায়ের নগদ ৩৬,২১,৩৯০.৫৭ টাকার বিপরীতে ৪৩ টি এবং ৪র্থ পর্যায়ের নগদ ২৮,৪২,৭৭২.৯৯ টাকার বিপরীতে ২৭ টি প্রকল্প কাজ সমাপ্ত হয়েছে। ২০২০-২১ অর্থ বছরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ “ক” শ্রেণীর পরিবার পুনবার্সনের লক্ষ্যে এ উপজেলায় ১ম ও ২য় পর্যায় মোট ২৭০ টি ঘরের নির্মাণ কাজ নির্দিষ্ট প্রাক্কলণ ও ডিজাইন অনুযায়ী সমাপ্ত পূর্বক উপকারভোগীদের অনুকূলে ঘরের চাবি সহ দলিল দস্তাবেজ বুঝিয়ে দেওয়া হয়েছে এবং তারা নবনির্মিত ঘরের বসবাস করেছেন। পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০৪/০১/২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০/১১ নং স্মারক পত্র মোতাবেক ২০২০-২১ অর্থ বছরে এ উপজেলায় মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ফুলবাড়ি ইউনিয়নে ০১ টি গৃহ নির্মাণের কাজ চলমান আছে। এছাড়া বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দরিদ্র ও দুঃস্থ পরিবার এবং কোভিড-১৯ এর কারণে লকডাউন চলমান থাকায় দরিদ্র, দুঃস্থ, অস্বচ্ছল ও কর্মহীন জনগোষ্ঠীর মাঝে মানবিক সহায়তা প্রদানের লক্ষে বিভিন্ন সময়ে বরাদ্দকৃত মোট ৯,৪৫,০০০/- টাকার দ্বারা চাউল, ডাল, লবণ তেল, চিনি কৃষিপণ্য ক্রয় করে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিদের্শনা অনুযায়ী বিধি মোতাবেক বিতবণ করা হচ্ছে। পবিত্র ঈদ-উল-আযহা/২০২১ উপলক্ষ্যে দুস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে খাদ্যশস্য সহায়তা প্রদানের লক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় এ উপজেলায় ৩০,৩২৮ টি কার্ডের বিপরীতে মোট ৩০৩.২৮০ মেঃ টন চাউলের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত ভিজিএফ কর্মসূচির চাউল পবিত্র ঈদ-উল-আযহা/২০২১ এর আগে অর্থাৎ আগামী ১৮/০৭/২০২১ খ্রিঃ তারিখ মধ্যে তালিকাভূক্ত উপকাভোগীদের মাঝে বিতরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ২০২০-২১ অর্থ বছরের অসমাপ্ত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

63

| | | | |
|---|---|---|---|
| মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ভিজিডি, মাতৃত্বকাল ভাতা এবং আয়বর্ধক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মা[illegible] বিষয়ক ক[illegible]র্তা, ফুলবাড়ী। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>১। সকল শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত **Unique ID** প্রদানের লক্ষ্যে শিক্ষকগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>২। কোভিড-১৯ এর কারণে প্রতিষ্ঠানসমূহে রুটিন অনুযায়ী অনলাইন ক্লাস কার্যক্রম চলমান।<br>৩। শিক্ষার্থীদের মনিটরিং কার্যক্রম (অভিভাবকের সাথে শিক্ষার্থীর লেখাপড়া সম্পর্কিত শিক্ষকের আলাপচারিতা কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>কোভিড-১৯ এর কারণে প্রতিষ্ঠানসমূহে পাঠদান কার্যক্রম বন্ধ থাকায়, প্রতিষ্ঠানের ক্যাচমেন্ট এলাকা ভাগ করে প্রত্যেক শিক্ষককে আলাদা আলাদা দায়িত্ব বন্টনের মাধ্যমে শিক্ষার্থীদের হোম ভিজিট কার্যক্রম জোরদার করা হয়েছে।<br>৪। বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার এবং এসডিজি কর্ণার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপন করা বাধ্যতামূলক কার্যক্রম চলমান রয়েছে।<br>৫। অনলাইন ভিত্তিক ক্লাশ গ্রহণ বৃদ্ধিকরণসহ অভভাবক/শিক্ষার্থীদের সাথে শিক্ষগণের মুঠোফোনে খোঁজখবর নেয়া এবং তার তথ্য প্রদান কার্যক্রম চলমান।<br>৬। প্রতিমাসে প্রতিষ্ঠানসমূহের উপস্থিতি শীটে প্রতিস্বাক্ষর কার্যক্রম চলমান রয়েছে।<br>৭। প্রতিষ্ঠানের নামের ই-মেইল চালু রাখা/নিয়মিত চেক করা এবং প্রত্যেক শিক্ষক, অফিস সহকারীর এনড্রয়েড সেটে লগইন রাখা র্কাক্রম চলমান রয়েছে।<br>৮। useofulbarikurigram ফেসবুক ID তে সকলে যুক্ত হবেন(প্রতিষ্ঠানের সকল শিক্ষক) এবং অনলাইনে ক্লাসসহ সকল কার্যক্রম ফেসবুকে আপলোড কার্যক্রম চলমান।<br>৯। প্রতিষ্ঠানের অবশ্যই ফেসবুক আইডি থাকতে হবে। প্রধানের মোবাইল সেটে imo. whats app, mcsscnger চালু রাখতে হবে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয় সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| আনসার/ ভিডিপ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ী। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২১-৬৪৯

তারিখ : ০৪ শ্রাবণ, ১৪২৮
১৯ জুলাই, ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব/সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিনিয়র সচিব/সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব/সচিব, ............................................................, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
১০। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
১১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। ভাইস-চেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। উপজেলা.................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫। চেয়ারম্যান.......................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬। জনাব...................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭। অফিস নথি।

১৯/০৭/২১

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১ ৬১৮/১(৪০)

তারিখ ঃ ২৪ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ১৪ জুলাই ২০২১ তারিখ বুধবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের জুলাই ২০২১ মাসের মাসিক সভা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ১৩-০৭-২০২১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৮/০৭/২১
( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা......................................................কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) চেয়ারম্যান,.........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) জনাব..........................................................................................

Ahmed
০৮/০৭/২১

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১-৫১৯/১(৪০)

তারিখ ঃ ২৪ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

০৮/০৭/২১
( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

Ahmed
০৮/০৭/২১

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : জুলাই, ২০২১ সভার তারিখ: ১৪/৭/২০২১, সময় : সকাল ১১.০০ ঘটিকা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭৪৬৪৪৫৫-০২৬ | | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717015889 | rashel.rpmc@gmail.com | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01712635391 | uaofulkuri@gmail.c | ১৪/৭/২১ |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | ১৪/৭/২১ |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা | 01320133439 | | 14/07/2021 |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716410506 | [illegible]@gmail.com | 14/7/21 |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722061195 | ~~ce.ashif@gmail~~ ue.fulbari.kuri@lged.gov.bd | 14.07.21 |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716007731 | ueofulkuri@gmail.com | 14/07/2021 |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711-415267 | useofulbarikurigram@gmail.com | ১৪/৭/২১ |
| ১৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01740313499 | usso.phulbari@gmail.com | ১৪/০৭/২০২১ |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401888 | sabujkumarguptaox@gmail.com | ১৪/৭/২১ |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01324362300 | mdsamsulhuda81@gmail.com | ১৪/০৭/২০২১ |
| ১৬ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724-085800 | Khagendra.sfk@gmail.com | (S.I.F.) ১৪/৭/২১ |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724-913930 | uwaofulkuri@gmail.com | ১৪/০৭/২১ |

(পাতা চলমান/২)

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717413762 | | |
| ২১ | সহকারী প্রোগ্রামার, আইসিটি, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01710768927 | azmal.dalim48@gmail.com | |
| ২২ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২৩ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২৪ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী | 01710425109 | hasandpi10@gmail.com | |
| ২৫ | উপজেলা নির্বাচন অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২৬ | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২৭ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র,ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711415111 | | |
| ২৮ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী | | | |
| ২৯ | উপজেলা তুলা উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩০ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প,ফুলবাড়ী | 01938879074 | ucofulbari@gmail.com | |
| ৩১ | চেয়ারম্যান, ইউসিসিএ লি:, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |

## উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : জুলাই, ২০২১ সভার তারিখ: ১৪/৭/২০২১ সময় : সকাল ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৪৭০৭৭৩ | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | চেয়ারম্যান,ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718062013 | gmondol1964@gmail.com. | GHossain |
| ৭ | মো: মইনুল হক (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | ০১৭১৭২৩৭৪৪০ | | |
| ৮ | মোছা: রাহিলা খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ | | | |
| ৯ | মোছা: আছমা খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ | | | |